দৈনিক সংবাদ

2

তারিখ 28 APR 1987

পৃষ্ঠা ... 1 ... কলাম 4

# দু'টি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে সন্ত্রাস ।। ১৫ জন আহত ফুলপুরে ১৪৪ ধারা

গতকাল সোমবার দু'টি কলেজের ছাত্র সংসদ নির্বাচনে ব্যাপক সন্ত্রাস সৃষ্টির খবর পাওয়া গেছে। বোমাবাজি, ব্যালট বাক্স ছিনতাই ও অগ্নিসংযোগের কারণে ময়মনসিংহের ফুলপুর কলেজে নির্বাচন স্থগিত ঘোষণা করে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে এবং ফুলপুর উপজেলা সদরে ১৪৪ ধারা জারি করা হয়েছে। পটিয়া কলেজে নির্বাচনে অংশগ্রহণকারী ছাত্র সংগঠনসমূহ সম্মিলিতভাবে নির্বাচন বর্জন করার কথা ঘোষণা করেছে।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান: ব্যাপক বোমাবাজি ও ব্যালট বাক্স ছিনতাইয়ের প্রেক্ষিতে ফুলপুর কলেজ ছাত্র সংসদের নির্বাচন স্থগিত ঘোষণা করে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য ফুলপুর উপজেলা সদরে ১৪৪ ধারা জারি করা হয়েছে।

গতকাল সোমবার ফুলপুর কলেজ ছাত্র সংসদের নির্বাচনে ভোট গ্রহণের এক পর্যায়ে কতিপয় সশস্ত্র বহিরাগত বোমাবাজি করে ব্যালট বাক্স ছিনতাই করে

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## ফুলপুরে ১৪৪ ধারা

(১ম পাতার পর)

নিয়ে যায়। এ সময় তারা কলেজের বেশ কয়েকটি শ্রেণীকক্ষে অগ্নিসংযোগ করে। প্রাণভয়ে দৌড়ে পালাবার সময় কমপক্ষে ১৫ জন ছাত্র-ছাত্রী আহত হয়। জেলা পুলিশ সুপার ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

### জাতীয় সংসদ সদস্যের বিবৃতি

ফুলপুর থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য শামসুল হক এক বিবৃতিতে ঘটনার জন্য সরকার সমর্থক ছাত্র সংগঠনকে দায়ী করেছেন। তিনি ঘটনার সময় পুলিশের নীরবতার নিন্দা জানান এবং অবিলম্বে দোষী ব্যক্তিদের খুঁজে বের করার দাবী জানান।

নির্বাচনে অংশগ্রহণকারী দু'টি ছাত্র সংগঠন ছাত্রলীগ (সু-র) ও জাতীয়তাবাদী ছাত্রদলের নেতৃবৃন্দ যুক্ত বিবৃতিতে ব্যালট বাক্স ছিনতাইয়ের জন্য ছাত্র সমাজ সমর্থকদের দায়ী করেন।

পটিয়া থেকে নিজস্ব সংবাদদাতার খবর: গতকাল সোমবার পটিয়া সরকারী কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ব্যাপক সন্ত্রাসের সৃষ্টি হয়। জাতীয় ছাত্র সমাজের সমর্থক বলে কথিত একদল সশস্ত্র যুবক সকাল ১০টায় ভোট শুরুর কিছুক্ষণ পরেই কলেজে ঢুকে এলোপাতাড়ি ছাত্রদের পিটাতে শুরু করে।

বিকেল ৩টা পর্যন্ত তারা কলেজ এলাকা দখল করে রাখে। তারা নিজেরাই ব্যালট ছিঁড়ে বাক্সে ভরেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন।